

মেহেরপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।

		৯নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা
সভাপতি	:	জনাব মোঃ সোহেল রানা, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
স্থান	:	কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন, স্টেডিয়াম পাড়া, ০৯নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।
সভার তারিখ	:	১১/০৬/২০২১ খ্রিঃ, সময়- বিকাল ৩.০০ ঘটিকায় -।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসংগে।
- ২। পানির লাইন স্থাপন প্রসংগে।
- ৩। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	পানির লাইন স্থাপন প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন জনাব মোঃ ইউনুস আলী, গোরস্থানপাড়া, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন যে, গোরস্থানপাড়া, পশুহাটপাড়ার বেশ কিছু এলাকায় পানি সরবরাহ লাইন না থাকায় জনসাধারণ পৌরসভার সুপ্রিয় পানি হতে বঞ্চিত হচ্ছে। এলাকায় নলকুপের পানিতে আয়রন ও আর্সেনিকের মাত্রা বেশি হওয়ায় বিভিন্ন ব্যক্তি আর্সেনিকে আক্রান্ত হচ্ছে। সে কারণে উক্ত এলাকায় পানির সরবরাহ লাইন স্থাপন করা জরুরী। এ বিষয়ে পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আর্কষণ করা হয়।	পানি সরবরাহ লাইন স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, মেহেরপুর পৌরসভা মহোদয়ের নিকট সুপারিশ করা হয়।	নির্বাহী প্রকৌশলী
০৩	বিবিধ-	আলোচনায় জনাব মোঃ ফারুক হোসেন, সদস্য জানান যে, সম্প্রতি মশার উপদ্রব ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। সে কারণে মশক নিধন বিষ শ্রেণী করা জরুরী প্রয়োজন। এ ওয়ার্ডে মশক নিধন বিষ শ্রেণী করার জন্য এ বিষয়ে পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আর্কষণ করা হলো।	০৯ নং ওয়ার্ডের মশক নিধন বিষ শ্রেণী করার জন্য পৌর কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হলো।	স্যানিটারি ইন্সপেক্টর

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সোহেল রানা)
সভাপতি (WC)

ও

৯নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।








মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ : ১১/০৬/২০২১, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান : কাউন্সিলর সাহেবের নিজ বাসভবন/ অফিসকক্ষ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ সোহেল রানা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
২	জনাব হামিদা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
৩	জনাব মোছাঃ রঙ্গিলা খাতুন	স্টেডিয়ামপাড়া, মেহেরপুর	
৪	জনাব মোঃ হাসেম আলী	পন্ডের ঘাটপাড়া, মেহেরপুর	
৫	জনাব মোঃ ফারুক হোসেন	স্টেডিয়ামপাড়া, মেহেরপুর	
৬	জনাব মোছাঃ রেহেনা খাতুন	গোরস্থানপাড়া, মেহেরপুর	
৭	জনাব হাজী মোঃ বাবর আলী	ডাকঘর পাড়া, মেহেরপুর	
৮	জনাব মোছাঃ পারুল আক্তার	গোরস্থানপাড়া, মেহেরপুর	
৯	জনাব মোঃ ইউনুস আলী	গোরস্থানপাড়া, মেহেরপুর	
১০	জনাব মোঃ মাসুদ রানা	উপ-সহকারী প্রকৌশলী	